

দৈনিক সমকাল, ১৪-১০-২০২১, পৃ-০৩

বিশ্ব র‍্যাঙ্কিং দেশে বেসরকারির মধ্যে সেরা ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়

বিশ্বের গুরুত্বপূর্ণ র‍্যাঙ্কিং 'এডি সায়েন্টিফিক ইনডেক্স ২০২১'-এ বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম অবস্থানে রয়েছে ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। এ তালিকায় সরকারি ও বেসরকারি সম্মিলিতভাবে দেশে প্রথম হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সম্মিলিত তালিকায় ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় চতুর্থ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় দ্বিতীয় এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় তৃতীয়।

বিশ্বের ২০৬টি দেশের ১৩ হাজার ৫৩০টি বিশ্ববিদ্যালয়ের তথ্য-উপাত্ত নিয়ে 'এডি সায়েন্টিফিক ইনডেক্স' তাদের ওয়েবসাইটে এ র‍্যাঙ্কিং প্রকাশ করেছে। তালিকায় বিশ্বে প্রথম হয়েছে যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়। গত পাঁচ বছরের বিভিন্ন বৈজ্ঞানিক উপাত্ত এবং গুগল সাইটেশনের ওপর ভিত্তি করে, মোট ৯টি প্যারামিটার ব্যবহার করে 'এডি সায়েন্টিফিক ইনডেক্স' প্রকাশ করা হয়। ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রায় ৪০ জন শিক্ষক সেরা বিজ্ঞানী র‍্যাঙ্কিংয়ে স্থান পেয়েছেন।

এ অর্জনে অভিনন্দন জানিয়েছেন ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও প্রতিষ্ঠাতা উপাচার্য এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। সংবাদ বিজ্ঞপ্তি।